



নং- ৪৩.২৪.০০০০.০০০.০০৫.০৪.০০০১.২৬.১০

তারিখ : ০৭.০৪.২০২৬

## নাজরুল-পুরস্কারের মনোনয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

নাজরুল-সঙ্গীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে অনন্যসাধারণ অবদানের স্বীকৃতি প্রদানের নিমিত্ত কবি নাজরুল ইসলাম ইনস্টিটিউট ‘নাজরুল-পুরস্কার’ প্রবর্তন করেছে। প্রতি বছরের ন্যায় এ বছরও ‘নাজরুল-পুরস্কার ২০২৫’ প্রদানের জন্য মনোনয়ন আহ্বান করা যাচ্ছে। মনোনয়ন ফরম (ব্যক্তি ও প্রতিষ্ঠান) ও নীতিমালা জাতীয় কবি কাজী নাজরুল ইসলাম ইনস্টিটিউট ওয়েব সাইট ([www.nazrulinsitute.gov.bd](http://www.nazrulinsitute.gov.bd)) থেকে ডাউনলোড করা যাবে। আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে আবেদনপত্র নির্বাহী পরিচালক, জাতীয় কবি কাজী নাজরুল ইসলাম ইনস্টিটিউট বরাবর দাখিল করতে হবে। প্রতিটি বিষয়ের পুরস্কারের মূল্যমান হবে দুই লক্ষ টাকা। পুরস্কার প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে পদক, সম্মানির চেক এবং সম্মাননাপত্র প্রদান করা হবে। নাজরুল-জন্মবার্ষিকীতে এ পুরস্কার প্রদান করা হবে। যোগ্যতা :

(ক) দেশি-বিদেশি নাগরিক এই পুরস্কারের যোগ্য বলে বিবেচিত হবেন।  
(খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা, সার্বভৌমত্ব, প্রচলিত আইন ও শুদ্ধাচার পরিপন্থী কোনো কার্যক্রম গ্রহণকারী গবেষক বা শিল্পী এই পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না।  
(গ) এই পুরস্কার কেবল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান করা হবে।  
(ঘ) সকল মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/পাবলিক বিশ্ববিদ্যালয় এবং ইতঃপূর্বে নাজরুল পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি উপযুক্তদের নামের প্রস্তাব বা মনোনয়ন দিতে পারবেন।  
(ঙ) পুরস্কার প্রাপ্তির জন্য ইনস্টিটিউট কর্তৃক আবেদন আহ্বান না করা পর্যন্ত কোনো ব্যক্তিগত আবেদনপত্র বিবেচনা করা হবে না।  
(চ) পুরস্কার প্রাপ্ত কোনো ব্যক্তি / প্রতিষ্ঠান দ্বিতীয়বার এ পুরস্কার প্রাপ্তির যোগ্য মর্মে বিবেচিত হবেন না।  
(ছ) জাতীয় কবি কাজী নাজরুল ইসলাম ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ডের সভাপতি, সদস্যবৃন্দ এবং ‘নাজরুল পুরস্কার’ কমিটির কোনো সদস্য স্বীয় পদে বহাল থাকা অবস্থায় এই পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

Md. Latiful Islam

মোঃ লতিফুল ইসলাম শিবলী

নির্বাহী পরিচালক (গ্রেড-১)

জাতীয় কবি কাজী নাজরুল ইসলাম ইনস্টিটিউট, ঢাকা